



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ



সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেডিট/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/৬৭৮(১২৫০)

তারিখঃ ১৩/১০/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি খাতের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২১) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় দেশের কৃষি খাতের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২১ এর প্রেক্ষিতে অত্র ব্যাংক হতে বিগত ১৫/০৯/২০২১ তারিখে সার্কুলার লেটার নং-৪৬৬(১২৫০) জারী করা হয়েছে। উক্ত সার্কুলার লেটারের ধারাবাহিকতায় পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে ১১/১০/২০২১ তারিখে ৫৭৭১ নং পত্র মূলে অত্র ব্যাংকের অনুকূলে কৃষি খাতে ঋণ বিতরণের জন্য ঘোষিত ৩০০০.০০ (তিন হাজার) কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ১২৯০.০০ (এক হাজার দুইশত নব্বই) কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত ১২৯০.০০ (এক হাজার দুইশত নব্বই) কোটি টাকা বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা (৩০ জুন '২০২২ এর মধ্যে বিতরণযোগ্য)
০১.	ঢাকা	২৩৫.০০
০২.	ময়মনসিংহ	২৫০.০০
০৩.	চট্টগ্রাম	৮০.০০
০৪.	খুলনা	২৩০.০০
০৫.	বরিশাল	১১৫.০০
০৬.	সিলেট	৫৫.০০
০৭.	কুমিল্লা	১২০.০০
০৮.	ফরিদপুর	৯০.০০
০৯.	কুষ্টিয়া	১১০.০০
১০.	এলপিও	৫.০০
	মোটঃ	১২৯০.০০

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহের মধ্যে বন্টন করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বন্টনকৃত লক্ষ্যমাত্রা একীভূত করে বিভাগীয় কার্যালয় সমূহ আগামী ২০/১০/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে :


- এসিডি সার্কুলার নং-০২ এর আওতায় শস্য/ফসল (ফল ও ফুলসহ), মৎস্য, পোল্ট্রি, প্রাণিসম্পদ, কৃষি/সেচ যন্ত্রপাতি ও বীজ উৎপাদন এ ০৬ (ছয়)টি খাতে ঋণ বিতরণ করা যাবে ;
- ৩০/০৬/২০২১ ভিত্তিক শাখা/ অঞ্চলের কৃষি ঋণের বিতরিত স্থিতির ভিত্তিতে ও বাস্তবতার নিরিখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। অত্র ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত তহবিলের ন্যূনতম ৩০% শস্য ও ফসল খাতে ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে ;
- গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ১৮ মাস বা ১২ মাস। তবে কৃষক/গ্রাহক পর্যায়ে শস্য/ফসল খাতে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ১২ মাস। এছাড়া, অন্যান্য খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে সর্বোচ্চ মেয়াদ হবে ন্যূনতম ৩ মাস হ্রাস পিরিয়ডসহ ১৮ মাস ;

চলমান পাতা-০২

- (ঘ) কৃষক/গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফা হার হবে সর্বোচ্চ ৪% (সরল হারে)। উক্ত সুদ/মুনাফা হার নতুন ও পুরাতন সকল গ্রাহকের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। নতুন কৃষক/গ্রাহকগণের ঋণের সর্বোচ্চ পরিমাণ শাখা কর্তৃক কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় যাচাই-বাছাই এর ভিত্তিতে নির্ধারণপূর্বক এ ক্ষিমের আওতায় ঋণ বিতরণ করতে পারবে ;
- (ঙ) কৃষি ও পল্লী ঋণ নীতিমালার আওতাভুক্ত খাতসমূহে বিতরণকৃত ঋণের বর্তমান ঋণ গ্রহীতাদের মধ্য হতে ক্ষতিগ্রস্ত কৃষক/গ্রাহকগণকে বিদ্যমান ঋণ সুবিধার (Sanction limit) অতিরিক্ত ২০ শতাংশ পর্যন্ত ঋণ (সর্বোচ্চ ১০.০০ কোটি টাকা) এ ক্ষিমের আওতায় ঋণ সহায়তা দেয়া যাবে। তবে, এ ক্ষিমের আওতায় গৃহীত ঋণ কোনভাবেই গ্রাহকের পুরাতন ঋণ সমন্বয়ের জন্য ব্যবহার করা যাবে না ;
- (চ) এসিডি-০২ এর আওতায় ঋণ মঞ্জুর করার ক্ষেত্রে আবশ্যিকভাবে অত্র সার্কুলারের সাথে সংযুক্ত-‘ক’ মঞ্জুরি পত্র ব্যবহার করতে হবে। প্রণোদনা আওতায় মঞ্জুরিতব্য শস্য ঋণের ক্ষেত্রেও নির্ধারিত ফরমের অতিরিক্ত আলাদা (সংযুক্ত-‘ক’) মঞ্জুরিপত্র ব্যবহার করতে হবে ;
- (ছ) এ সার্কুলারের আওতায় চলতি মূলধন আকারে কোন ঋণ বিতরণ করা যাবে না। কেন্দ্রীয় হিসাব বিভাগের পত্র নং-১০৪৪ তারিখ: ২৯/০৬/২০২০ (কপি সংযুক্ত) মোতাবেক এসিডি-০২ এর আওতায় বিতরণকৃত সকল ঋণ ১০১/৩২ খাতে সিবিএস এ ১১৩২ কোড ব্যবহার করে ঋণ হিসাব খুলতে হবে। এক্ষেত্রে ঋণ গ্রহীতা উক্ত ঋণ হিসাবে লেনদেন করতে পারবে না ;
- (জ) এ সার্কুলারের আওতায় বিতরণকৃত ঋণের মেয়াদ মঞ্জুরি পত্রে, ঋণ হিসাব বিবরণীতে এবং পুনঃঅর্থায়ন প্রতিবেদনে একই হতে হবে;
- (ঝ) এসিডি-০২ এর আওতায় বিতরণকৃত ঋণের জন্য শাখায় আলাদা রেজিস্টার ব্যবহার করতে হবে এবং মাস শেষে রেজিস্টারের যোগফলের সাথে দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সমান হতে হবে ;
- (ঞ) এসিডি-০২ এর আওতায় বিতরণকৃত ঋণের দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সাথে Web Portal এর যোগফল সমান হতে হবে। Web Portal এ খাত ভিত্তিক ঋণ বিতরণের তথ্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করে দৈনিক ভিত্তিতে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। কারণ Web Portal এর খাত ভিত্তিক তথ্যই চূড়ান্ত বলে গণ্য করা হবে এবং পাক্ষিক ভিত্তিতে তা বাংলাদেশ ব্যাংক এর কৃষি ঋণ বিভাগে প্রেরণ করা হবে ;
- (ট) এ সার্কুলারের আওতায় ঋণ বিতরণ না করে/অন্য খাতে ঋণ বিতরণ করে/ঋণ আবেদন গ্রহণপূর্বক পুনঃঅর্থায়নের জন্য দাবী করা যাবে না ;
- (ঠ) ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষীদের অনুকূলে শস্য/ফসল চাষের জন্য একক ভাবে জামানতবিহীন (গুধুমাত্র ফসল দায়বদ্ধনের বিপরীতে) সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে ;
- (ড) নির্ধারিত সময়সীমার মধ্যে ঋণ বিতরণ করে মাসিক ভিত্তিতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির জন্য মাসিক ভিত্তিতে (বিতরণ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে) নির্ধারিত ছকে একীভূত বিবরণী সংযুক্ত ছক -১ মোতাবেক ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। কোন কারণে পুনঃঅর্থায়নের জন্য দাবী করা না হলে পরবর্তীতে তা দাবী করা যাবে না এবং এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৪৬৬(১২৫০) তারিখ ১৫/০৯/২০২১ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণের খাত ভিত্তিক তথ্য দৈনিক ভিত্তিতে Web Portal এ এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ গুরুত্ব থেকেই উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত

 (মোহাম্মদ মঈনুল ইসলাম)
 উপমহাব্যবস্থাপক
 ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

নং-প্রকা/ক্রেয়বিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/৬৭৮(১২৫০)

তারিখঃ ১৩/১০/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


 (মোঃ এনামুল হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক

সূত্র নং ...

তারিখঃ

প্রাপক.....

.....

.....

নমুনা কপি

বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২ এর আওতায় মঞ্জুরিকৃত ঋণ।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১৪/০৯/২০২১ মোতাবেকঅনুকূলে শস্য/ফসল/ফুল ও ফল চাষ/মৎস্য চাষ/ পোল্ট্রি/প্রাণিসম্পদ/কৃষি/সেচ যন্ত্রপাতি/বীজ উৎপাদন খাতে মঞ্জুরকৃত ----টাকা ঋণ প্রথম বিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১৮ মাস অথবা ১২ মাস (গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মেয়াদে মঞ্জুরি প্রসঙ্গ।

প্রিয়মহোদয়,

আপনার -----তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২ তাং-১৪/০৯/২০২১ মোতাবেক কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হওয়ায় ব্যক্তি/ প্রতিষ্ঠানের অনুকূলে এসিডি-০২'র আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রথম বিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১৮ মাস অথবা ১২ মাস (গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মেয়াদে ---- লক্ষ টাকা বিশেষ ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে :

- ১। সুযোগ সুবিধার ধরণ : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১৪/০৯/২০২১ মোতাবেক প্রণোদনা প্যাকেজের আওতায় মঞ্জুরিকৃত ঋণ।
- ২। মঞ্জুরীর বিভাজন : দায়-বদ্ধকিতে ----- লক্ষ টাকা।
- ৩। মোট টাকা : দেশীয় মুদ্রায় ----- লক্ষ টাকা।
- ৪। ঋণ মার্জিন অনুপাত : ----- : -----।
- ৫। সংগ্রহপদ্ধতি
- ৬। উদ্দেশ্য : শস্য/ফসল/ফুল ও ফল চাষ/মৎস্য চাষ/ পোল্ট্রি/প্রাণিসম্পদ/কৃষি/সেচ যন্ত্রপাতি/বীজ উৎপাদন কার্যক্রম পরিচালনা করার জন্য।
- ৭। জামানত/ সহায়তজামানত : এল,এফ-৫ মোতাবেক প্রচলিত নিয়ম অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি ব্যাংকে বদ্ধক থাকবে।
- ৮। জামানত / সহায়ক জামানতের উপর চার্জ : ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করতে হবে।
- ৯। দলিল সম্পাদন : সংযুক্তি ‘ক’ মোতাবেক।
- ১০। সুদের হার : এ ঋণের সুদের হার হবে বার্ষিক সর্বোচ্চ ৪.০০%।
- ১১। পরিশোধ পদ্ধতি : (সুদসহ মেয়াদান্তে আদায়যোগ্য, যা নবায়নযোগ্য নয়।
- ১২। বিতরণ পদ্ধতি : এক বা একাধিক কিস্তিতে বিতরণ করা যেতে পারে। তবে ১ম কিস্তি যে মাসে বিতরণ করা হবে ২য় কিস্তি ঐ মাসেই বিতরণ করতে হবে।
- ১৩। হিসাবায়ন পদ্ধতি : ১০১/৩২ (কম্পিউটার সিবিএস কোড-১১৩২) খাতে হিসাবভুক্ত করতে হবে।
- ১৪। বীমা : ব্যাংকের প্রচলিত নিয়মে করিতে হইবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ১৫। ঋণ তত্ত্বাবধান/পরিদারণ : ব্যাংকের প্রচলিত নিয়মে।
- ১৬। ঋণ পরিশোধ : ১ম উত্তোলনের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১৮ মাস অথবা ১২ (গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মাস মেয়াদান্তে পরিশোধযোগ্য।
- ১৭। অন্যান্য শর্তাবলী : সংযুক্তি ‘খ’ মোতাবেক।

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নূতন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

যদি উপরোক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হয় তাহা হইলে অত্র মঞ্জুরিপত্রের একটি অনুলিপি “গৃহিতি এবং স্থিরীকৃত” বলিয়া স্বাক্ষর দান পূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট.....তারিখের মধ্যে ফেরত পাঠাইতে হইবে।

“গৃহিতি এবং স্থিরীকৃত

স্বাক্ষরঃ ০১।

আপনার বিন্দু

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----শাখা।

----- অঞ্চল।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১৪/০৯/২০২১ মোতাবেকঅনুকূলে শস্য/ফসল/ফুল ও ফল চাষ/মৎস্য চাষ/ পোল্ট্রি/প্রাণিসম্পদ/কৃষি/সেচ যন্ত্রপাতি/বীজ উৎপাদন খাতে মঞ্জুরকৃত ----টাকা ঋণ প্রথম বিতরণের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১৮মাস অথবা ১২ মাস (গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মেয়াদে মঞ্জুরি প্রসঙ্গ।

প্রণোদনার আওতায় মঞ্জুরিকৃত ঋণের বিশেষ শর্তাবলিঃ(প্রযোজ্য ক্ষেত্রে)

(ক) ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও অবস্থান :

(খ) জামানত/সহযোগী জামানত :

- (১) প্রেজ/হাইপোথিকেশন;
- (২) বন্ধকী দলিল (এল,এফ-১৩) শাখার পূর্বানুমান প্রতিবেদন (এল,এফ-৫) অনুযায়ী প্রস্তাবিত জামানতী সম্পত্তি যথানিয়মে বন্ধক থাকবে। তাছাড়া প্রকল্প/প্রতিষ্ঠানের সকল স্থাপনা ও যন্ত্রপাতি, বর্তমান ও ভবিষ্যৎ সম্পদাদি ইত্যাদি বন্ধক থাকবে;
- (৩) হলফনামা (এল,এফ-৯);
- (৪) পাওয়ার অব এটর্নী, বন্ধককৃত সম্পত্তি সরাসরি নিলামে বিক্রির জন্য আইন বিভাগ কর্তৃক জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০৯/২০০৫, তারিখ ২০/১১/২০০৫ অনুযায়ী;
- (৫) স্বত্ব দলিলাদি জমা দেয়ার স্মারকলিপি (এল,এফ-১৯) পৌর এলাকার জমি বন্ধক নেয়া হলে;
- (৬) স্বত্বাধিকারীর প্রতিষ্ঠা সংক্রান্ত অবহিতকরণপত্র (এল,এফ-৪৪);
- (৭) আইন বিভাগের পত্র নং-প্রকা/আইন-১০৫৯/০৫-০৬/৪৫৮(১২৫০), তারিখ ১৩/০৯/২০০৫ অনুযায়ী বন্ধকী সম্পত্তির ২৫ বছরের মালিকানা লিপিবদ্ধকরণ ও দলিলায়ন সম্পাদন করতে হবে।

(গ) দলিলপত্র সম্পাদন (Documentation) (প্রযোজ্য ক্ষেত্রে):

- (১) ডি পি নোট একক ও যৌথভাবে;
- (২) লেটার অব কন্টিনিউটি (এলএফ-৬০ই);
- (৩) রিভাইভাল লেটার (এলএফ-৬০জি);
- (৪) সকল পরিচালকদের/উদ্যোক্তাদের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি একক ও যৌথ নামে (এলএফ-৬০আই);
- (৫) পরিচালকদের/উদ্যোক্তাদের সম্পদ ও দায়ের ঘোষণা (পৃথক পৃথক ভাবে);
- (৬) ঋণ হিসাবের স্থিতি নিশ্চয়নপত্র;
- (৭) দলিল সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিতে চার্জ সৃষ্টি করতে হবে (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);
- (৮) ব্যাংকের সাথে দলিলাদি সম্পাদন ও ঋণ গ্রহণের জন্য রেজুলেশন (কোম্পানী/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);
- (৯) এগ্রিমেট ফর ক্যাশ ক্রেডিট
 - ক) মালামাল হাইপোথিকেশন (এলএফ-৬০বি/এলএফ-৬০সি);
 - খ) হাইপোথিকেশন অব ডেটস এন্ড গ্র্যাসেটস (এলএফ-৬০ডি);
- (১০) অন্য কোথাও বন্ধক/চার্জ সৃষ্টি করবেন না মর্মে কোম্পানী/উদ্যোক্তা থেকে অংশীকারনামা;
- (১১) ষ্টক থেকে মালামাল চুরি, ঘাটতি হলে তার দায়-দায়িত্ব উদ্যোক্তার/কোম্পানীর উপর বর্তাবে মর্মে ঘোষণা;
- (১২) ব্যাংক কর্তৃক ব্যবসায়ের ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ বিক্রি অথবা উপ-বন্ধক প্রদান করতে পারার বিষয়ে ঋণগ্রহীতার ক্ষমতা অর্পন পত্র;
- (১৩) লেটার অব ডিসক্রেইমার (এলএফ-৬০এফ) গোডাউন ভাড়ার ক্ষেত্রে;
- (১৪) গুদামের ব্যবহারিক দখলীস্বত্ব উদ্যোক্তা কর্তৃক ব্যাংকের বরাবরে হস্তান্তরের ক্ষমতাদান (প্রযোজ্য ক্ষেত্রে);
- (১৫) রেজিস্টার্ড পার্টনারশীপ দলিল (অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে);
- (১৬) সম্মতিপত্র (Letter of Acceptance);
- (১৭) অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

- (ঘ) অপারেশন পরিপত্র নং- ১২১/৯৩, তারিখ ০৫/১২/৯৩ মোতাবেক 'টাক ফোর্স' কর্তৃক ঋণটি তদারকী করতে হবে এবং ভবিষ্যতে ঋণ প্রত্যাবর্তনের সাথে অবশ্যই টাকফোর্স প্রতিবেদন পাঠাতে হবে।
- (ঙ) পরিদর্শন : হাইপোথিকেটেড পন্য নিয়মিতভাবে যাচাই করতে হবে এবং অপারেশন পরিপত্র নং-৪/৯৪, তারিখ ০৯/০১/৯৪ ও ৫/৯৫, তারিখ ১৫/০১/৯৫ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।
- (চ) অন্যান্য শর্তাবলি : (প্রযোজ্য ক্ষেত্রে)
- (১) এ ঋণের সুদের হার হবে বার্ষিক সর্বোচ্চ ৪.০০%। ঋণ হিসাবটি মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে বার্ষিক ৮.০০% সুদে আরোপযোগ্য সমুদয় সুদের টাকা ঋণগ্রহীতার নিকট হতে আদায় করতে হবে এবং সময়ে সময়ে ব্যাংক কর্তৃক পরিবর্তিত সুদের হার এই ঋণের ক্ষেত্রেও প্রযোজ্য হবে;
 - (২) ঋণের মেয়াদ ১ম উত্তোলনের তারিখ হতে ০৩ মাসের গ্রেস পিরিয়ডসহ ১৮ মাস অথবা ১২ (ত্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মাস মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে যা মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে আদায়যোগ্য। আলাদা ঋণ হিসাব খুলে দলিলায়নের মাধ্যমে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। ঋণটি মেয়াদপূর্তিতে সুদসহ পরিশোধযোগ্য, যা নবায়নযোগ্য নয়।
 - (৩) বিকেবি, প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ এর হিসাব পরিপত্র নং-০৭/২০২০, তারিখ ০১/১০/২০২০ মোতাবেক ঋণটি খেলাপী হলে মোট খেলাপী ঋণের উপর অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করতে হবে;
 - (৪) পূর্বানুমান প্রতিবেদন (এল.এফ-৫) মোতাবেক জামানতি সম্পত্তির স্বত্ব ও মূল্য নির্ধারণ নিশ্চিত হয়ে যথাযথভাবে বন্ধক গ্রহণপূর্বক মঞ্জুরীকৃত ঋণ বিতরণযোগ্য হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
 - (৫) প্রতিষ্ঠান, সহযোগী প্রতিষ্ঠান এবং কোম্পানীর পরিচালকদের নামে হালনাগাদ ব্লিন সিআইবি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট/স্থানীয় ব্যাংক শাখাসমূহ হতে দায়-দেনার প্রত্যয়নপত্র গ্রহণ সাপেক্ষে প্রতিষ্ঠান/সহযোগী প্রতিষ্ঠান/কোম্পানীর পরিচালকদের নামে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে অনিয়মিত/শ্রেণীকৃত ঋণ নেই মর্মে নিশ্চিত হয়ে এ ঋণ বিতরণ করতে হবে;
 - (৬) বিবেচ্য প্রতিষ্ঠানের চলতি মূলধনের চাহিদা যথাযথভাবে নিরূপণ করা হয়েছে মর্মে শাখা কর্তৃক নিশ্চিত হতে হবে। এছাড়াও ঋণ মার্জিন অনুপাত ----- অনুসরণপূর্বক বিবেচ্য প্রতিষ্ঠানের অনুকূলে ঋণ বিতরণ ও পরবর্তীতে মনিটরিং করতে হবে;
 - (৭) প্রধান কার্যালয়ের আইন বিভাগের ০৩/০৯/২০১৪ তারিখের পত্র নং প্রকা/আইন-৭৯৫(অংশ-১)/২০১৪-১৫/১৪১(১১৫০) এর নির্দেশনা অনুসরণ পূর্বক বন্ধকী দলিল সম্পাদনের পূর্বে প্রস্তাবিত জামানতি সম্পত্তি সাব-রেজিস্ট্রি অফিস হতে তদ্বাশি পূর্বক দায় মুক্তির সনদপত্র গ্রহণ করতে হবে এবং বন্ধকী জমির সীমানা চিহ্নিত কাগজপত্র নথিতে সংরক্ষণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
 - (৮) প্রকল্প/প্রতিষ্ঠানের এবং বন্ধকী সম্পত্তির দৃশ্যমান স্থানে “বাংলাদেশ কৃষি ব্যাংক, ----- শাখায় দায়বদ্ধ” মর্মে সাইনবোর্ড লাগাতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে);
 - (৯) প্রদানকৃত জামানত ও বন্ধকীতে প্রদত্ত পন্যের বাজার মূল্যের সাথে ১০% যোগ করে সকল প্রকার ঋণের বিপরীতে ব্যাংক ও উদ্যোক্তার যৌথনামে ব্যাংক বিধি মোতাবেক উদ্যোক্তার খরচে কম্প্রহেনসিভ বীমা করতে হবে। এক্ষেত্রে অপারেশন পরিপত্র ৮৪/৯৫ তারিখ ০৪/০৯/১৯৯৫ এর নির্দেশনা অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
 - (১০) এ ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১৪/০৯/২০২১ এর নীতিমালা এবং পরবর্তীতে সময়ে সময়ে জারীকৃত নিয়মাচার যথারীতি প্রযোজ্য হবে;

কর্মকর্তা

ব্যবস্থাপক



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০



কেন্দ্রীয় হিসাব বিভাগ

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২৪)/২০১৯-২০২০/১০৪৪

তারিখ : ২৯.০৬.২০২০

- ১। মহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপাল অফিস, ঢাকা
 - ২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
 - ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য অঞ্চল/আঞ্চলিক কার্যালয়
 - ৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
- বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনা নীতিমালার আওতায় (বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগের ১৩.০৪.২০২০ তারিখের এসিডি সার্কুলার নং-০১) ঋণ বিতরণের লক্ষ্যে নতুন হিসাব উপ-খাত চালুকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামাধীন বিষয়ে বিবেচনা, প্রকা, ক্রেডিট বিভাগের ২৭.০৪.২০২০খ্রিঃ তারিখের সার্কুলার লেটার নং প্রকা/ক্রেডিট(শাখা-১)/৩(৭)/২০১৯-২০২০/১১১৯(১২৫০) এবং তদসংক্ষেপে সংযুক্ত বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগের ১৩.০৪.২০২০ তারিখের এসিডি সার্কুলার নং-০১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। বর্ণিত সার্কুলার লেটারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনা নীতিমালার আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে ক্রেডিট বিভাগের নতুন হিসাবখাত চালুকরণের অনুরোধের প্রেক্ষিতে অত্র বিভাগ কর্তৃক নিম্নোক্ত ঋণ হিসাব উপ-খাত, সুদ প্রভিশন উপ-খাত ও আয় উপ-খাত খোলা হলো :

বরাদ্দকৃত উপখাত	বরাদ্দকৃত হিসাব উপখাত	
	১০১: Agricultural Loan-Short Term (Present Due)	১০৭: Agricultural Loan-Short Term (Past Due)
ঋণ উপ-খাত	১০১/৩২ কোভিড-১৯ কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক চলতি মূলধন সরবরাহের পুনঃঅর্থায়ন স্কীম	১০৭/৩২ কোভিড-১৯ কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক চলতি মূলধন সরবরাহের পুনঃঅর্থায়ন স্কীম
প্রভিশন উপ-খাত	১০১/১৭২	১০১/১৭৩
আয় উপ-খাত	৪৬/১২৩	৪৬/১২৪

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(খান তামজিদ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/হিসাব (শাখা-১)/১(২৪)/২০১৯-২০২০/১০৪৪(১২৫০)

তারিখ : ২৯.০৬.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, পর্যদ সচিবালয় বিভাগ/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
- ৯। নথি/মহানথি।

(আরিফুর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

ছক-১ঃ 'কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কিম (২য় পর্যায়)' এর আওতায়
পুনঃঅর্থায়ন দাবী সংক্রান্ত বিবরণী (মাসিক ভিত্তিক)

ব্যাংকের নামঃ

মাসের নামঃ

অর্থবছরঃ

(কোটি টাকায়)

শাখার নাম	কৃষক/গ্রাহকের নাম এবং মোবাইল নম্বর	বিতরণকৃত ঋণের পরিমাণ	কৃষক/গ্রাহক পর্যায়ে সুদের হার	ঋণ বিতরণের তারিখ	ঋণের মেয়াদ	ঋণ বিতরণের খাত	বিতরণকৃত ঋণের বিপরীতে দাবীকৃত পুনঃঅর্থায়নের পরিমাণ
মোট পরিমাণ							

